মুক্তাগাছা পৌরসভা কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- মুক্তাঃ পৌর/প্রশাসন/ বাঃশাঃ /২০১৭/ ১১৯৮ তারিখঃ ০২.১১.২০১৭ খ্রীঃ

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০২/২০১৭-২০১৮

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মুক্তাগাছা পৌরসভাধীন ত্রিমোহনী নতুন বাজার বাংলা ১৪২৫ সালের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত মোট ০১ (এক) বৎসরের মেয়াদে ইজারা প্রদানের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ক্যালেন্ডার এবং সিডিউলে বর্ণিত শর্ত অনুযায়ী সীল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

ইজারা সংক্রান্ত ক্যালেন্ডার

হাট-বাজার এর বিবরণ

ক্রমিক নং	হাট-বাজার এর নাম	কাঙ্খিত সরকারী মূল্য	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
১।	ত্রিমোহনী নতুন বাজার, মুক্তাগাছা।	২৯,২৯,২৫০.০০(২৫% বৃদ্দিসহ)	৬৮০০.০০

দরপত্র ক্রয়, বিক্রয় ও দাখিলের সময়সূচিঃ

দরপত্র বিজ্ঞপ্তির পযার্য় নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	২০/১১/২০১৭	২১/১১/২০১৭ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	২১/১১/২০১৭ বিকাল- ৩.৩০মিঃ	উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজনবোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকিবে, তবে কোন পর্যায় ইজারা দরপত্র অনুমোদিত হইলে পরবর্তী পর্যায়ে উহার দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত বলিয়া গণ্য হইবে।
২য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	০৪/১২/২০১৭	০৫/১২/২০১৭ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	০৫/১২/২০১৭ বিকাল- ৩.৩০মিঃ	
৩য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	১৮/১২/২০১৭	১৯/১২/২০১৭ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	১৯/১২/২০১৭ বিকাল- ৩.৩০মিঃ	

দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহণ এবং খোলা সংক্রান্ত তথ্যঃ

দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান ঃ	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যলিয় মুক্তাগাছা গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় মুক্তাগাছা। ঘ) অফিসার ইনচার্জ এর কার্যালয়, মুক্তাগাছা থানা (পুলিশ স্টেশন) ঙ) সোনালী ব্যাংক, মুক্তাগাছা শাখা এবং চ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র সিডিউল গ্রহণের স্থান ঃ	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ। গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মুক্তাগাছা ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় মুক্তাগাছা। ঙ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র বাক্স খোলার স্থান ঃ	মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ।

শর্তাবলী

০১। দরপত্র দাতাকে তাহার দাখিলকৃত দরের উপর ১০০% অর্থ যে কোন তফসিলভূক্ত ব্যাংক হইতে বিডি/পে-আর্ডারের মাধ্যমে "মেয়র, মুক্তাগাছা পৌরসভা" অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হইবে । ইহা ছাড়াও দাখিলকৃত দরের ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ৫% আয়কর বাবদ অর্থ ও ৫% জামানত বাবদ অর্থ একই সাথে বিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা প্রদান করিতে হইবে (কোন প্রকার চেক গ্রহণ করা হইবে না)। জামানত বাবদ ৫% অর্থ সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার, পরিস্কার পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হইবে।

০২। দুই বা ততোধিক ইজারাদারের দরপত্র একই রেইটে হইলে প্রকাশ্য লটারীর মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হইবে। এই ব্যাপারে ইজারাদারের কোন আপত্তি গ্রহণ যোগ্য হইবে না।

০৩। অকৃতকার্য দরপত্রদাতার দাখিলকৃত ব্যাংক ড্রাফট/ পে অর্ডার সমূহ ফেরৎ দেওয়া হইবে। তবে দাখিলকৃত সর্বোচ্চ দরপত্রটি অনুমোদন না হওয়া পর্যন্ত দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রাখা হইবে।

০৪। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীকে স্বাক্ষর করিতে হইবে। কোন প্রকার কাটাকাটি, ঘষা মাজা বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হইবে না।

০৫। খামের উপর হাট-বাজার এর নাম স্পষ্টভাবে লিখিতে হইবে।

০৬। হাট বাজারের প্রত্যেক মহালের সীমানা বহাল থাকিবে। ইজারাদার মহালের অন্তর্গত কোন জায়গা একমাত্র টোল আদায় ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করিতে পারিবেন না।

০৭। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার, অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারিবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পরে তবে তাহার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং ইজারাদার আইনতঃ দন্ডনীয় হইবেন এবং পুনরায় হাটটি ইজারা প্রদানের ব্যবস্থা করা হইবে।

অপর পৃষ্টায় দ্রষ্টব্য

০৮। ইজারা কার্যক্রম সমাপ্তির ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

০৯। ইজারাদার কর্তৃক হাট-বাজার হইতে অনুমোদিত হারে টোল আদায় করিতে হইবে এবং ইজারাদার কর্তৃক নিজ খরচে হাটবাজারের প্রকাশ্য স্থানে সরকারী অনুমোদিত টোল চার্ট বোর্ডে লিখিয়া জনসাধারণের অবগতির জন্য লটকাইয়া দিতে হইবে।

১০। ইজারাদারকে পাকা রশিদের মাধ্যমে হাট-বাজার এর টোল আদায় করিতে হইবে। কোন ক্রেতা বিক্রেতার নিকট হইতে সরকারী / পৌরসভার হারের অতিরিক্ত টোল আদায় করা যাইবে না।

১১। ঝাড়ুদার কর্তৃক কোন টোল আদায় করা যাইবে না। ঝাড়ুদারের বেতন ইজারাদার কর্তৃক বহন করিতে হইবে।

১২। হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্নতার দায়-দায়িত্ব সংশিষ্ট ইজারাদারকে গ্রহণ করিতে হইবে। হাট-বাজার যথাযথভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং পৌর কর্তৃপক্ষের প্রত্যয়ন করা সাপেক্ষে ইজারার মেয়াদ সমাপ্তির পর জামানতের ৫% অর্থ ফেরত দেওয়া হইবে।

১৩। হাট-বাজারের মহালসমূহ কর্তৃপক্ষের বা সরকারী নির্দেশ মোতাবেক পরিচালিত হইবে। কর্তৃপক্ষের বা সরকারী অনুমোদন ব্যতীত কোন মহালের অংশ বিশেষ অন্যত্র স্থানান্তর করা যাইবে না বা নতুন কোন মহাল বানানো যাইবে না।

১৪। হাট বাজারের পেরীফেরীভূক্ত খাস মহালের অর্ন্তগত কোন ভিটি বাৎসরিক বা খন্ডকালীন পত্তন বাবদ কোন ব্যবসায়ীর নিকট হইতে অর্থ আদায় করা যাইবে না।

১৫। প্রত্যেক হাট/বাজার পৌরসভার নির্দিষ্ট জায়গায় না বসে অন্য জায়গায় বসে, তবে ইজারাদার তথায় যথারীতি টোল আদায় করিতে পারিবেন।

১৬। পাট মহালের ইজারাদার সপ্তাহের যে কোন দিন শহরের কোন বাজারের রাস্তায় পাট ক্রয় বিক্রয় হইলে তথায় টোল আদায় করিতে পারিবেন।

১৭। প্রাকৃতিক দুর্যোগের কারনে ইজারাদারের টোল আদায় ব্যহত হইলে কর্তপক্ষ দায়ী থাকিবেন না।

১৮। ইজারাদার হাট-বাজারে কোন অসামাজিক কাজকর্ম চালাইতে বা চলিতে দিতে পারিবেন না। সরকার/পৌরসভার অনুমতি ব্যতীত মেলা, যাত্রা, জুয়া, অসামাজিক চিত্র প্রদর্শন এবং অসামাজিক খেলাধুলা চলিতে বা চালাইতে দেওয়া যাইবে না। হাট-বাজার এর ভূমিতে কোন প্রকার অবকাঠামো তৈরী, গাছপালা কর্তন, নালা কাটা বা কূপ খনন, কোন প্রকার ক্ষতি সাধন, সীমানা সংকোচন ইত্যাদি করিতে পরিবেন না।

১৯। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ বা এর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা টোল আদায় জরীপে বা অন্য কোন ব্যাপারে পরিদর্শন বা তদন্ত করিতে পারিবেন। উক্ত তদন্ত পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা ও চাহিদা মোতাবেক কাগজপত্র প্রদান করিতে ইজারাদার বাধ্য থাকিবেন।

২০। কর্তৃপক্ষ বা সরকার কর্তৃক যে কোন সময় ইজারা বাতিল বলিয়া ঘোষণা করিলে ইজারাদার তাহা মানিয়া নিতে বাধ্য থাকিবে এবং ইজারাদার ইহাতে কোন ওজর বা আপত্তি করিতে পারিবে না। হাটবাজারবেরর দখলীয় সময়ের জন্য হাটবাজার ডাকের অর্থ আনুপাতিক হারে বাদ দিয়া বাকী অর্থ হইতে আনুপাতিক হারে ইজারাদারকে ফেরত দেওয়া হইবে।

২১। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে, কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
মেয়র
মুক্তাগাছা পৌরসভা
জেলা- ময়মনসিংহ।

স্মারক নং- মুক্তাঃ পৌর/প্রশাসন/ বাঃশাঃ /২০১৭/১১৯৮ (১৮) তারিখঃ ০২.১১.২০১৭ খ্রীঃ

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ
৬। সহকারী কমিশনার (ভূমি), মুক্তাগাছা, ময়মনসিংহ।
৭। জনাব/ মিসেস ....,... নং প্যানেল মেয়র/ কাউন্সিলর, মুক্তাগাছা পৌরসভা।
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
৯। সাব-রেজিস্ট্রার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১০। অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানা, জেলা- ময়মনসিংহ।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১২। ডাকঘর কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
১৩। জনাব...ইজারাদার (বিগত তিন বৎসর) ।
১৪। সম্পাদক, দৈনিক এশিয়া বানী, ২১৯ ফকিরের পুল (১ম লেন, ৩য় তলা), মতিঝিল, ঢাকা-১০০০।
বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় শর্তাবলী ছাড়া সংক্ষিপ্ত পরিসরে একক সংখ্যায় একবার প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক, দৈনিক স্বজন, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় শর্তাবলী ছাড়া সংক্ষিপ্ত পরিসরে একক সংখ্যায় একবার প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। জনাব ....।
১৭। নোটিশ বোর্ড, মুক্তাগাছা পৌরসভা।
১৮। সংশ্লিষ্ট নথি।

(মোঃ শহীদুল ইসলাম)
মেয়র
মুক্তাগাছা পৌরসভা
জেলা- ময়মনসিংহ।